



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/29/2024

গভর্নর ক্যাথি হোকল

আপনার সাশ্রয় বৃদ্ধি করা: গভর্নর হোকল হ্রাসকৃত কর্মী ক্ষতিপূরণ মূল্যায়নের হারের কারণে নিউ ইয়র্কের চাকরিদাতাদের জন্য 191 মিলিয়ন মার্কিন ডলারের বেশি সম্ভাব্য সাশ্রয়ের ঘোষণা করলেন

2025 সালে কর্মী ক্ষতিপূরণের হার 22 শতাংশ হ্রাস পাবে, যার ফলে পুরো স্টেটে 400,000 এর বেশি ক্ষুদ্র ব্যবসা সাশ্রয় করতে পারবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে বার্ষিক কর্মী ক্ষতিপূরণ মূল্যায়নের হার হ্রাস হওয়ার কারণে 2025 সালে নিউ ইয়র্ক স্টেটের চাকরিদাতাদের 191 মিলিয়ন মার্কিন ডলারের বেশি সাশ্রয় হবে বলে আশা করা যাচ্ছে, এই হার আজকে স্থির করা হয়েছে এবং 1 জানুয়ারি, 2025 থেকে কার্যকর হবে। কর্মীদের ক্ষতিপূরণের হার স্ট্যান্ডার্ড প্রিমিয়াম বা প্রিমিয়ামের সমতুল্যের 7.1 শতাংশ হবে, যা 2024 সালের তুলনায় 22 শতাংশ হ্রাস এবং এটি নিউ ইয়র্ক স্টেটের ব্যবসাসমূহের জন্য আনুমানিক 191 মিলিয়ন মার্কিন ডলার সাশ্রয় করবে বলে আশা করা যাচ্ছে।

"ব্যবসা ও চাকরিদাতা উভয়ের সমৃদ্ধির জন্য ক্রয়সাধ্যতা অতি গুরুত্বপূর্ণ," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্ক স্টেটের চাকরিদাতাদের জন্য ব্যাপক সাশ্রয় শুধু চাকরির সুযোগ বৃদ্ধি করে না, বরং এছাড়াও সেই ব্যবসাসমূহ যেই প্রয়োজনীয় সেবা প্রদান করে তা বলীয়ান করে। স্টেটের ব্যবসাসমূহ এবং তাদের কর্মচারীদের সমর্থন করার ব্যাপারে, এবং নিজেদের ও নিজেদের পরিবারের দেখাশোনা করার জন্য তারা যে বেনিফিটের উপর নির্ভর করে তা প্রদান নিশ্চিত করতে আমরা নিবেদিত।"

নিউ ইয়র্ক স্টেটের কর্মী ক্ষতিপূরণ বোর্ডের (Workers' Compensation Board) প্রধান ক্ল্যারিসা রড্রিগেজ বলেন, "নিউ ইয়র্কের ব্যবসাসমূহের জন্য দুর্দান্ত এইসব সাশ্রয় উদযাপন করতে বোর্ড আজকে গভর্নরের সাথে যোগদান করছে। চাকরিদাতাদের মূল্যায়ন ক্রমশ হ্রাস পাচ্ছে, এবং একই সাথে সাম্প্রতিক বছরগুলিতে কর্মীদের বেনিফিট বৃদ্ধি পেয়েছে। আমরা যে পরিশ্রমী নিউ ইয়র্কবাসী এবং ব্যবসাসমূহকে সেবাদান করি তাদের জন্য আরো উত্তম একটি কর্মীদের ক্ষতিপূরণ ব্যবস্থা গঠন করতে আমরা যে কাজ করছি তার জন্য আমরা গর্বিত।"

কর্মীদের ক্ষতিপূরণ ব্যবস্থা পরিচালনা করতে চাকরিদাতারা একটি বার্ষিক মূল্যায়নের অর্থ পরিশোধ করে থাকে, যা চাকরিতে দায়িত্বরত অবস্থায় আহত হওয়া বা অসুস্থ হওয়া কর্মীদের

অতি গুরুত্বপূর্ণ বেনিফিট প্রদান করে, এবং একই সাথে চাকরিদাতাদের ব্যয়বহুল মামলা থেকে সুরক্ষিত রাখে। নিউ ইয়র্ক স্টেটকে আরো ক্রয়সাধ্য করতে গভর্নর হোকলের উদ্যোগের উপর ভিত্তি করে সম্ভব হওয়া এই সাশ্রয় চাকরিদাতাদের জন্য বর্তমান মূল্যায়নের ব্যয় হ্রাস করবে।

নিউ ইয়র্ক স্টেটের কর্মী ক্ষতিপূরণ বোর্ডের প্রধান হিসেবে, প্রতিবছর 1 নভেম্বরের মধ্যে প্রদান রিড্রিগেজ সকল চাকরিদাতাদের জন্য একটি মূল্যায়নের হার স্থির করেন যা পরবর্তী ক্যালেন্ডার বর্ষের 1 জানুয়ারি থেকে কার্যকর হয়। কর্মী ক্ষতিপূরণ বোর্ডের চাহিদা এবং বাজেট অনুযায়ী স্টেটব্যাপী প্রিমিয়ামের দ্বারা চাকরিদাতাদের মূল্যায়ন হার নির্ণয় করা হয়। বোর্ডের মোট অনুমিত বার্ষিক ব্যয়কে একটি মোট অনুমিত স্টেটব্যাপী প্রিমিয়ামের ভিত্তি দ্বারা ভাগ করার মাধ্যমে হার হিসাব করা হয়। বীমাকারীদের জন্য নিজেদের প্রিমিয়াম বা প্রিমিয়ামের সমতুলে মূল্যায়নের হার প্রয়োগ করা বাধ্যতামূলক।

সাম্প্রতিক বছরগুলিতে মূল্যায়নের হার ধারাবাহিকভাবে হ্রাস করেছে, যার প্রধান কারণ বিশেষ কর্মীদের ক্ষতিপূরণের দায় পরিশোধ ত্বরান্বিত করার জন্য বিচক্ষণ ব্যবস্থাপনা, যা বিশেষ তহবিল নামে পরিচিত এবং মূল্যায়ন দ্বারা অর্থায়িত হয়। 2025 সালের 7.1 শতাংশের হার হলো 2019 সালে যখন মূল্যায়নের হার 12.6 শতাংশ ছিলো, তার তুলনায় 43 শতাংশের বেশি হ্রাসের প্রতিফলন করে। 2019 থেকে 2025 পর্যন্ত হার কীভাবে পরিবর্তিত হয়েছে তা নিচের ছকে দেওয়া হয়েছে।

বছর	হার
2019	12.6
2020	12.2
2021	11.2
2022	10.2
2023	9.8
2024	9.2
2025	7.1

2025 সালের মূল্যায়নের হার সম্পর্কে আরো তথ্যের জন্য, এবং সেই সাথে চাকরিদাতাদের জন্য কর্মীদের ক্ষতিপূরণ সম্পর্কিত অতিরিক্ত সংস্থানের জন্য নিউ ইয়র্ক স্টেটের কর্মী ক্ষতিপূরণ বোর্ডের ওয়েবসাইট ভিজিট করুন wcb.ny.gov এ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

আনসাবন্ধাইব করুন